ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬২৫
করবুক,২৯ আগস্ট,২০২৫

**গোমতী জেলাভিত্তিক অনূর্ধ্ব ১৭ বছরের বালক বালিকাদের খো খো প্রতিযোগিতার উদ্বোধন**

করবুক ব্লক লেভেল স্কুল স্পোর্টস বোর্ডের উদ্যোগে আজ করবুক আশ্রম স্কুল মাঠে গোমতী জেলাভিত্তিক অনূর্ধ্ব ১৭ বছর বালক বালিকাদের খো খো প্রতিযোগিতা শুরু হয়েছে। প্রতিযোগিতার উদ্বোধন করে বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা বলেন, খেলাধুলা মানুষকে শারীরিকভাবে সুস্থ করে তোলে। আজ যেসব খেলোয়াড় খেলায় অংশগ্রহণ করছে তাদের ব্যক্তিগতভাবে যেমন সুনাম হবে তেমনি তাদের স্কুল ও এলাকারও সুনাম হবে। তিনি প্রত্যেক খেলোয়াড়কে ভালো পারফরম্যান্স করে রাজ্য ও দেশের সুনাম অর্জন করার জন্য আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা হৃতেশ শীল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক আশ্রম স্কুলের অধ্যক্ষ টেরাসসা ডার্লং। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিসির বিদ্যালয় পরিদর্শক বিক্রম কিশোর জমাতিয়া, সমাজসেবী অতিন্দ্র রিয়াং, প্রণব শংকর ত্রিপুরা, তুষার কান্তি ত্রিপুরা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। উল্লেখ্য, জেলাভিত্তিক খো খো প্রতিযোগিতায় তিনটি মহকুমা থেকে মোট ৭২ জন বালক বালিকা অংশগ্রহণ করেছে।

*****